


# Radiflex™

undenatured collagen II

**Presentation:**

**Radiflex**™ 40mg Capsule: Each delayed release (DR) capsule contains undenatured collagen II 40mg.

**Description:**

Undenatured collagen II derived from chicken sternum cartilage using a patented, low-temperature, non-enzymatic manufacturing process that preserves the natural triple helix molecular configuration and its biological activity. Undenatured collagen II has unique mechanism of action. Undenatured collagen II molecules contain active binding sites called epitopes which trigger the process of oral tolerization. Through oral tolerization process, active epitopes of undenatured collagen II interact with Peyer's patches (lymphoid tissue) of small intestine to release collagen-specific regulatory T-cells. Collagen-specific regulatory T-cells then migrate to joint areas and prevent release of T-cells.

Preventing the release of T-cells prevent the secretion of collagenase enzymes by macrophages responsible for breakdown of collagen in joint cartilage. It also slows the production of inflammatory cytokines resulting in reduction of inflammation, halting the erosion of joint cartilage and promote cartilage rebuilding.

**Radiflex**™ supports joint function, mobility and flexibility and also improves knee extension by up to 10% for better range of motion. It also relieves joint pain due to strenuous exercise.

**Indications and Usage:**

**Radiflex**™ capsule is indicated for-

- Osteoarthritis
- Rheumatoid arthritis
- Joint pain & inflammation
- Difficulties in flexibility & mobility
- Joint discomfort & stiffness (knee extension)
- Impaired joint function
- Strenuous exercise & sports

**Dosage and Administration:**

Orally 1 capsule daily with water or as directed by the physician.

**Contraindication:**

Contraindicated in patients with known hypersensitivity to chicken or egg.

**Pregnancy and Lactation:**

Lack of scientific evidence on the use of undenatured collagen II during pregnancy or lactation.

**Side Effects:**

Undenatured collagen II is generally well tolerated in recommended dose. Over dose may cause constipation and headache.

**Drug Interactions:**

None known.

**Storage:**

Store in a cool and dry place, away from light & moisture.

Keep out of reach of children.

**Packs:**

**Radiflex**™ 40mg Capsule: Each box contains 30 delayed release (DR) capsules in Alu-Alu blister pack.

**Nutritional Facts:**

## Nutritional Facts

Serving size: 1 capsule (40mg)
Serving per box: 30 capsules

| | Amount Per Serving | Amount Per Box |
|---|---|---|
| Calories | 0.09 Cal | 2.7 Cal |
| Calories from Fat | 0 Cal | 0 Cal |
| Total Fat | 0 mg | 0 mg |
| Saturated Fat | 0 mg | 0 mg |
| Trans Fat | 0 mg | 0 mg |
| Cholesterol | 0.01 mg | 0.3 mg |
| Total Carbohydrate | 5 mg | 150 mg |
| Sugars | 0 mg | 0 mg |
| Dietary Fiber | 5 mg | 150 mg |
| Protein | 17 mg | 510 mg |
| Calcium | 0.04 mg | 1.2 mg |
| Sodium | 0.51 mg | 15.3 mg |
| Iron | 0.001 mg | 0.03 mg |
| Chloride | 5.64 mg | 169.2 mg |
| Potassium | 6.92 mg | 207.6 mg |

TM = Trade Mark

place mobile scanner here

RADIANT
NUTRACEUTICALS

Manufactured by
**Radiant Nutraceuticals Ltd.** (Herbal Division)
B-34, BSCIC Industrial Estate
Tongi, Gazipur, Bangladesh

Version: 01
RNP3028

রেডিফ্লেক্স™
আনডিনেচার্ড কোলাজেন II

RADIANT
NUTRACEUTICALS

# রেডিফ্লেক্স™
আনডিনেচার্ড কোলাজেন II

**উপস্থাপনঃ**
**রেডিফ্লেক্স**™ ৪০মিগ্রা ক্যাপসুলঃ প্রতিটি ডিলেইড রিলিজ (ডিআর) ক্যাপসুলে আছে আনডিনেচার্ড কোলাজেন II ৪০মিগ্রা।

**বিবরণঃ**
আনডিনেচার্ড কোলাজেন II মুরগির স্টার্নামের কার্টিলেজ থেকে উদ্ভূত, যা একটি পেটেন্টেড, নিম্ন তাপমাত্রায়, নন-এনজাইম্যাটিক প্রক্রিয়া দ্বারা প্রস্তুতকৃত। এই প্রক্রিয়াটি আনডিনেচার্ড কোলাজেন II এর স্বাভাবিক আনবিক ট্রিপল হেলিক্স কাঠামো এবং জৈবিক ক্রিয়াকে সমুন্নত রাখে। আনডিনেচার্ড কোলাজেন II একটি অনন্য কর্মপদ্ধতির মাধ্যমে কাজ করে। আনডিনেচার্ড কোলাজেন II এর এপিটপ নামে একটি সক্রিয় বাইন্ডিং সাইট আছে যা ওরাল টলারাইজেশন প্রক্রিয়াকে ত্বরান্বিত করে। ওরাল টলারাইজেশন প্রক্রিয়া দ্বারা আনডিনেচার্ড কোলাজেন II এর সক্রিয় এপিটপ গুলো ক্ষুদ্রান্ত্রের পিয়ার'স প্যাচের (লসিকা কলা) সংস্পর্শে এসে কোলাজেন সংবেদী T-রেগুলেটরী কোষের সংশ্লেষণ ঘটায়। কোলাজেন সংবেদী T-রেগুলেটরী কোষগুলো তখন অস্থিসন্ধিতে পৌঁছে T- কোষ এর সংশ্লেষণকে প্রতিরোধ করে।

T- কোষ এর সংশ্লেষণ প্রতিরোধ হওয়ার কারনে ম্যাক্রোফেজেস এর মাধ্যমে কোলাজিনেস এনজাইম এর সংশ্লেষণ বন্ধ করে যা অস্থিসন্ধির কার্টিলেজের ক্ষয় এর জন্য দায়ী। এটি প্রদাহ সৃষ্টিকারী সাইটোকাইনগুলোর উৎপাদন বন্ধ করে প্রদাহ রোধ করে, অস্থিসন্ধির কার্টিলেজ এর ক্ষয় রোধ করে এবং কার্টিলেজ এর পুনর্গঠনে সাহায্য করে। **রেডিফ্লেক্স**™ অস্থিসন্ধির কার্যক্ষমতা, গতিশীলতা ও নমনীয়তা বৃদ্ধি করে। এটি হাঁটুর প্রসারণ ১০% বৃদ্ধি করে যা শারীরিক গতিশীলতার উন্নতি ঘটায়। এটি কঠোর ব্যায়ামের ফলে সৃষ্ট অস্থিসন্ধির ব্যথা দূর করতে সাহায্য করে।

**নির্দেশনা ও ব্যবহারঃ**
**রেডিফ্লেক্স**™ ক্যাপসুল যে সকল রোগের ক্ষেত্রে নির্দেশিত
- অস্থিওআর্থ্রাইটিস
- রিউম্যাটয়েড আর্থ্রাইটিস
- অস্থিসন্ধির ব্যথা
- অস্থিসন্ধির নমনীয়তা ও গতিশীলতার অসুবিধায়
- অস্থিসন্ধির অস্বস্তি এবং সংকোচন-প্রসারণের অসুবিধায় (হাঁটু প্রসারণে অসুবিধা)
- অস্থিসন্ধির কার্যক্ষমতার উন্নতিতে
- অতিরিক্ত শ্রমসাধ্য ব্যায়াম এবং ক্রীড়ায়

**সেবনবিধিঃ**
প্রতিদিন একটি করে ক্যাপসুল পানির সাথে সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

**প্রতিনির্দেশনাঃ**
যে সকল রোগীর মুরগি অথবা ডিমের প্রতি অতি-সংবেদনশীলতা আছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারঃ**
গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার সম্পর্কিত কোন তথ্য জানা যায়নি।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ**
আনডিনেচার্ড কোলাজেন II নির্দেশিত মাত্রায় শরীরের জন্য নিরাপদ ও সহনশীল। অতিরিক্ত মাত্রায় সেবন কোষ্ঠকাঠিন্য এবং মাথা ব্যথা সৃষ্টি করতে পারে।

**অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ**
কোন তথ্য জানা নেই।

**সংরক্ষণঃ**
আলো এবং আর্দ্রতা থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ**
**রেডিফ্লেক্স**™ ৪০ মিগ্রা ক্যাপসুলঃ প্রতিটি বাক্সে রয়েছে ৩০টি ডিলেইড রিলিজ (ডিআর) ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

**পুষ্টিগুন সম্পর্কিত তথ্যঃ**

## পুষ্টিগুণ সম্পর্কিত তথ্য
**প্রতি পরিবেশনে পরিমাণ: ১টি ক্যাপসুল (৪০মিগ্রা)**
**প্রতি বাক্সে পরিমাণ: ৩০টি ক্যাপসুল**

| | প্রতি পরিবেশনে পরিমাণ | প্রতি বাক্সে পরিমাণ |
|---|---|---|
| ক্যালরি | ০.০৯ ক্যাল | ২.৭ ক্যাল |
| ফ্যাট থেকে প্রাপ্ত ক্যালরি | ০ ক্যাল | ০ ক্যাল |
| মোট ফ্যাট | ০ মিগ্রা | ০ মিগ্রা |
| স্যাচুরেটেড ফ্যাট | ০ মিগ্রা | ০ মিগ্রা |
| ট্রান্স ফ্যাট | ০ মিগ্রা | ০ মিগ্রা |
| কোলেস্টেরল | ০.০১ মিগ্রা | ০.৩ মিগ্রা |
| মোট কার্বোহাইড্রেট | ৫ মিগ্রা | ১৫০ মিগ্রা |
| সুগার | ০ মিগ্রা | ০ মিগ্রা |
| খাদ্য আঁশ | ৫ মিগ্রা | ১৫০ মিগ্রা |
| প্রোটিন | ১৭ মিগ্রা | ৫১০ মিগ্রা |
| ক্যালসিয়াম | ০.০৪ মিগ্রা | ১.২ মিগ্রা |
| সোডিয়াম | ০.৫১ মিগ্রা | ১৫.৩ মিগ্রা |
| আয়রন | ০.০০১ মিগ্রা | ০.০৩ মিগ্রা |
| ক্লোরাইড | ৫.৬৪ মিগ্রা | ১৬৯.২ মিগ্রা |
| পটাসিয়াম | ৬.৯২ মিগ্রা | ২০৭.৬ মিগ্রা |

TM = ট্রেডমার্ক

এখানে মোবাইলের স্ক্যানার ধরুন

RADIANT
NUTRACEUTICALS

প্রস্তুতকারক
**রেডিয়েন্ট নিউট্রাসিউটিক্যালস লিমিটেড** (হারবাল ডিভিশন)
বি-৩৪, বিসিক শিল্প নগরী
টঙ্গী, গাজীপুর, বাংলাদেশ